দৈনিক সংবাদ

তারিখ FEB 1-6.1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

120

# কিশোরগঞ্জের এস ভি স্কুল দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পুরস্কৃত হয়েছে

**কিশোরগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক :** দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে জেলার ঐতিহ্যবাহী এস ভি বালিকা উচ্চ বিদ্যালয় ১৯৯৮ সালের জন্য জাতীয় পুরস্কার লাভ করেছে।

৫৭ বছর আগে প্রতিষ্ঠিত এই প্রাচীন প্রতিষ্ঠানটি এবারই প্রথম জাতীয়ভাবে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের গৌরব অর্জন করায় বিদ্যালয়ের ছাত্রীরা গত ৭ই ফেব্রুয়ারি কিশোরগঞ্জ জেলা শহরে এক বর্ণাঢ্য আনন্দ মিছিলের আয়োজন করে। সহস্রাধিক ছাত্রী ছাড়াও বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীরাও স্বতঃস্ফূর্তভাবে মিছিলে যোগ দেন। এ ঐতিহাসিক আনন্দ মিছিলটি কিশোরগঞ্জ শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণের পর বিদ্যালয় মাঠে এসে শেষ হয়। এ সময় সমবেত ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রেজিয়া বেগম ও সিনিয়র শিক্ষিকা ঊষা রানী দেবী।

উল্লেখ্য, জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৮ উপলক্ষে এ পুরস্কার ঘোষণা করা হয়েছে।